৮/৭/২০০০

দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

# সরকারী কর্মচারী-প্রাথমিক শিক্ষকদের ৭২ ঘণ্টা কর্মবিরতি আজ থেকে শুরু

**স্টাফ রিপোর্টার ঃ** ৩০ ভাগ মহার্ঘ ভাতাসহ বিভিন্ন দাবী আদায়ের লক্ষ্যে সরকারী দপ্তর, অধিদপ্তর, সেক্টর কর্পোরেশন, হাসপাতালসহ সরকারী অফিস কর্মচারী এবং প্রাথমিক শিক্ষকগণ আজ থেকে ৭২ ঘণ্টা পূর্ণ কর্মবিরতি পালন শুরু করছেন। এই কর্মসূচী সফল করার লক্ষ্যে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায় থেকে সংশ্লিষ্ট কর্মচারী ও শিক্ষকগণ ইতিমধ্যে ঢাকায় আসতে শুরু করেছেন। ওসমানী উদ্যানে আজ থেকে জমায়েত ও মহাবিক্ষোভ কর্মসূচী শুরু হবে এবং ১০ জুলাই মহাবিক্ষোভ অনুষ্ঠান থেকে আন্দোলনের কঠোর কর্মসূচী ঘোষণা করা হবে। দেশব্যাপী ৭২ ঘণ্টা কর্মবিরতি ও ঢাকায় মহাবিক্ষোভ সফল করার লক্ষ্যে সরকারী কর্মচারী সমন্বয় পরিষদ ও প্রাথমিক শিক্ষক সমিতি লিয়াজোঁ কমিটি গত এক সপ্তাহব্যাপী দেশব্যাপী সমাবেশ

...এর কঃ দেখুন

## ৭২ ঘণ্টা কর্মবিরতি

৮-এর পৃষ্ঠার পর

আয়োজন করেছে। গতকালও ঢাকায় মিটফোর্ড হাসপাতাল, টিএন্ডটি শ্রমিক কর্মচারী ইউনিয়ন কার্যালয়ে পৃথক পৃথক সমাবেশ অনুষ্ঠিত হয়। এ সকল সমাবেশে দেলোয়ারা বেগম, অধ্যাপক আবুল কালাম আজাদ, মোঃ সালেহউদ্দিন সেলিম, এম এ হান্নান, এম এ মান্নান, মোঃ ফিরোজ মিয়া, কাজী কামাল, আঃ কাঃ ফজলুল হক, বেলায়েত হোসেন চৌধুরী, শামসুল হক, মোঃ শাহ আলম, নাসিমুল গনি, সাবিনা শারমিন, ইকবাল হায়াত, এম এ রাজ্জাক রাজু. মোঃ শাহ আলম, তোফায়েল আহমেদ প্রমুখ বক্তব্য রাখেন।